# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭১৪

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «عُرِضَ عَلَيَّ الْأَنْبِيَاءُ فَإِذَا مُوسَى ضَرْبٌ مِنَ الرِّجَالِ كَأَنَّهُ مِنْ رِجَالِ شَنُوءَةَ ورأيتُ عِيسَى بن مَرْيَم فإِذا أقربُ مَن رأيتُ بِهِ شَبَهًا عُرْوَةُ بْنُ مَسْعُودٍ وَرَأَيْتُ إِبْرَاهِيمَ فَإِذَا أَقْرَبُ مَنْ رَأَيْتُ بِهِ شَبَهًا صَاحِبُكُمْ ـ يَعْنِي نَفْسَهُ ـ وَرَأَيْتُ جِبْرِيلَ فَإِذَا أَقْرَبُ مَنْ رَأَيْتُ بِهِ شَبَهًا دِحْيَةُ بْنُ خَلِيفَةَ» . رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (271 / 167)، (423) ـ
(صَحِيح)

বাংলা

৫৭১৪-[১৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (মি’রাজের রাতে) নবী গণকে আমার সামনে উপস্থিত করা হয়। তন্মধ্যে মূসা আলায়হিস সালাম-কে দেখলাম, তিনি মাঝারি ধরনের পুরুষ। মনে হচ্ছিল তিনি যেন শানুয়াহ্ গোত্রেরই একজন লোকে। আর ’ঈসা ইবনু মারইয়াম আলায়হিস সালাম-কেও দেখলাম, আমি যে সকল লোকেদেরকে দেখেছি, তাদের মাঝে তিনি উরওয়াহ্ ইবনু মাস’উদ-এর ঘনিষ্ঠ সদৃশ। আর আমি ইবরাহীম আলায়হিস সালাম-কে দেখেছি। তাঁকে দেখলাম, তিনি অনেকটা তোমাদের বন্ধুর সদৃশ অর্থাৎ তিনি [নবী (সা.)] নিজেই। আর জিবরীল আলায়হিস সালাম-কে দেখলাম, তিনি হলেন আমার দেখা লোকেদের মধ্যে দিহইয়া ইবনু খলীফার সদৃশ। (মুসলিম)

ফুটনোট

সহীহঃ মুসলিম ২৭১-(১৬৭), তিরমিযী ৩৬৪৯, সিলসিলাতুস্ সহীহাহ ১১০০, সহীহুল জামি ৪০০৪, আবু ইয়া'লা

২২৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা:(شَنُوءَةَ) শব্দটির(ش) অক্ষরে যবর এবং (ن) অক্ষরে পেশ দিয়ে উচ্চারণ। ইয়ামানের একটি গ্রামের নাম শানূয়াহ’র দিকে সম্পৃক্ত করে গ্রামটির নামকরণ করা হয়েছে। আবদুল্লাহ ইবনু কা'ব ইবনু ‘আবদুল্লাহ ইবনু মালিক ইবনু নাসর ইবনু আযদ-এর দিকে লক্ষ্য করে শানুয়াহ’র ব্যক্তিদের মতো বলা হয়েছে। দাউদী বলেন, আদ গোত্রের লোক লম্বা হিসেবে প্রসিদ্ধ। (ফাতহুল বারী হা, ৬/৪২৯)
(عُرْوَةُ بْنُ مَسْعُودٍ)উরওয়াহ্ ইবনু মাস্'উদ। ইনি প্রসিদ্ধ সাহাবী আবদুল্লাহ মাস্'উদ-এর ভাই নন। কেননা ইনি হলেন ‘উরওয়াহ্ ইবনু মাস'উদ আস্ সাকাফী। আর ‘আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ এ হলেন হুযলী।

(شَبَهًا صَاحِبُكُمْ) “তোমাদের সঙ্গীর সাদৃশ্য”। এর দ্বারা রাসূল (সা.) নিজেকে বুঝিয়েছেন। অর্থাৎ ইবরাহীম আলায়হিস সালাম -এর গঠন ও আকৃতি রাসূলুল্লাহ (সা.) -এর সাথে অধিক সাদৃশ্য। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন